



কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেড (সিপিজিসিবিএল)
Coal Power Generation Company Bangladesh Limited (CPGCBL)
(An Enterprise of Government of the People's Republic of Bangladesh)
“আলোকিত দেশ, যত্নে পরিবেশ”

আবেদনপত্র পূরণ ও দাখিল সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি

আবেদনপত্র পূরণের ক্ষেত্রে নির্দেশাবলি:

- প্রার্থীকে পদের নাম সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;
- প্রার্থীর বর্তমান যোগাযোগের ঠিকানা ও স্থায়ী ঠিকানা আবেদন ফরমের নির্ধারিত স্থানে বাংলা ও ইংরেজিতে উল্লেখ করতে হবে;
- শিক্ষাগত যোগ্যতার তথ্য নির্ভুলভাবে প্রদান করতে হবে;
- চাকুরির অভিজ্ঞতার তথ্য প্রদানের ক্ষেত্রে কোম্পানি/প্রতিষ্ঠানের নাম, পদবি, সময়কাল (বছর, মাস ও দিন) এবং প্রধান দায়িত্ব সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। উদাহরণস্বরূপ-

কোম্পানির নাম	পদবি	সময়কাল ----- হতে -----	বছর, মাস, দিন	প্রধান দায়িত্ব
বাংলাদেশ সেনাবাহিনী	মেজর	০১/০১/২০১৮ হতে ৩১/১২/২০২০	০৩ বছর ০০ মাস ০০ দিন	
বাংলাদেশ সেনাবাহিনী	ক্যাপ্টেন	০১/০১/২০১৪ হতে ৩১/১২/২০১৭	০৪ বছর ০০ মাস ০০ দিন	


প্রধান দায়িত্বের মধ্যে উল্লেখযোগ্য কাজের অভিজ্ঞতা উল্লেখ করতে হবে।

- চাকুরির অভিজ্ঞতার সনদপত্রে সুস্পষ্টভাবে পদবি উল্লেখ থাকতে হবে।

আবেদনপত্র দাখিলের ক্ষেত্রে নির্দেশাবলি:

- আবেদনপত্র জমাদানের সময় খামের উপরে পদের নাম সুস্পষ্ট করে উল্লেখ করতে হবে;
- আবেদন ফরম পূরণপূর্বক চাহিত কাগজপত্র নিম্নোক্ত ধারাবাহিকতায়/সিরিয়ালে দাখিল করতে হবে:
 - আবেদন ফরমের নির্ধারিত স্থানে অবশ্যই প্রার্থীর স্বাক্ষর থাকতে হবে;
 - আবেদন ফরমের নির্ধারিত স্থানে সদ্যতোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি;
 - “কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেড (সিপিজিসিবিএল)” এর অনুকূলে ১,০০০/- (এক হাজার) টাকার MICR ব্যাংক ড্রাফট/পে-অর্ডার;
 - এস.এস.সি পাশের সনদপত্র ও মার্কসশিট/ট্রান্সক্রিপ্ট এর ফটোকপি;
 - এইচ.এস.সি পাশের সনদপত্র ও মার্কসশিট/ট্রান্সক্রিপ্ট এর ফটোকপি;
 - স্নাতক/স্নাতকোত্তর পাশের সনদপত্র ও মার্কসশিট/ট্রান্সক্রিপ্ট এর ফটোকপি;
 - চাকুরির অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি (সর্বশেষ/বর্তমান চাকুরি হতে ক্রমান্বয়ে শুরুর চাকুরির অভিজ্ঞতা);
 - জাতীয় পরিচয়পত্রের ফটোকপি;
 - নাগরিক সনদপত্রের ফটোকপি;
 - ব্যবস্থাপক (নিরাপত্তা) পদের জন্য চাকুরি হতে অবসর গ্রহণের প্রমাণপত্র (পেনসই বুক এর সংশ্লিষ্ট পৃষ্ঠার ফটোকপি/গ্রহণযোগ্য ডকুমেন্ট) এবং অফিসার্স রেকর্ড হতে চাকুরির সন্তোষজনক সনদপত্র।

নোট:- কাগজপত্র দাখিলের ক্ষেত্রে প্রার্থীকে অবশ্যই উপরিউক্ত নির্দেশাবলি অনুসরণ করতে হবে অন্যথায় দাখিলকৃত আবেদনপত্র বাতিল হিসাবে গণ্য করা হবে।


০২/১০/২৪
(মোহাম্মদ মতিউর রহমান)
উপ-মহাব্যবস্থাপক
(এইচআরএম এন্ড এডমিন)
সিপিজিসিবিএল, ঢাকা।